

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৪১

১/ বিবিধ

আরবী

ثلاث من أخلاق الإيمان: من إذا غضب لم يدخله غضبه في باطل، ومن إذا رضي لم يخرجه رضاه من حق، ومن إذا قدر لم يتعاط ما ليس له  
موضوع

أخرجه الطبراني في " المعجم الصغير " (ص 31) وعنه أبو نعيم في " أخبار أصبهان " (1 / 132) وابن بشران في " الأمالي الفوائد " (2 / 133 / 2) من طريق حجاج بن يوسف بن قتيبة الهمداني: حدثنا بشر بن الحسين عن الزبير بن عدي عن أنس بن مالك مرفوعا

وقال الطبراني: " لم يروه عن الزبير بن عدي إلا بشر بن الحسين ". قلت: وهو كذاب كما سبق مرارا

وقال الهيثمي (1 / 59) بعد أن عزاه للمعجم: " وفيه بشر بن الحسين وهو كذاب قلت: وراويه عنه الهمداني مجهول كما قال ابن المديني، والحديث مما سود به السيوطي " جامعه ": ولهذا تعقبه شارحه المناوي بكلام الهيثمي المذكور ثم قال: " فكان ينبغي للمصنف حذفه من هذا الكتاب

ولعل السيوطي اغتر باقتصار الحافظ العراقي على تضعيفه في " تخريج الإحياء " (4 / 307)

وهو منه قصور أو زهول أو تسامح في التعبير لأن الحديث الموضوع من أقسام الحديث الضعيف، ثم إن الحديث هو أول حديث في " نسخة الزبير بن عدي "

## المحفوظة في ظاهرية دمشق حرسها الله تعالى

বাংলা

৫৪১। ঈমানী চরিত্রের পরিচয় পাওয়া যায় তিনটি বস্তুতেঃ যখন কোন ব্যক্তি রাগান্বিত হবে তখন তার রাগ কোন বাতিলকে ঘিরে হবে না। যখন সম্ভষ্ট হবে তখন তার সম্ভষ্টি হকের সীমা অতিক্রম করবে না। যখন সক্ষম হবে তখন যা তার নয় তা অন্য কাউকে দিবে না।

হাদীছটি জাল।

এটি তাবারানী "আল-মুজামুস সাগীর" (পৃঃ ৩১) গ্রন্থে, তার থেকে আবু নোয়াইম "আখবারু আসবাহান" (১/১৩২) গ্রন্থে এবং ইবনু বিশরান "আল-আমলীল ফাওয়ায়েদ" (২/১৩৩/২) গ্রন্থে হাজ্জাজ ইবনু ইউসুফ ইবনে কুতায়বাহ হামাদানী হতে তিনি বিশর ইবনুল হুসাইন হতে তিনি যুবায়ের ইবনু আদী হতে ... আনাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

তাবারানী বলেনঃ বিশর ইবনুল হুসাইন ছাড়া অন্য কেউ যুবায়ের হতে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ তিনি (বিশর) মিথ্যুক। হায়ছামী (১/৫৯) বলেনঃ তাতে বিশর ইবনুল হুসাইন রয়েছেন, তিনি মিথ্যুক।

আমি (আলবানী) বলছিঃ তার থেকে বর্ণনাকারী আল-হামাদানী মাজহুল যেমনটি ইবনুল মাদীনী বলেছেন। সুযুতী তার "আল-জামে" গ্রন্থে উল্লেখ করে কালিমালিগু করেছেন। এ কারণে তার ভাষ্যকার মানবী হায়ছামীর উক্ত কথা দ্বারা তার সমালোচনা করে বলেছেনঃ লেখকের উচিত ছিল হাদীছটিকে এ গ্রন্থ হতে ফেলে দেয়া।

হাফিয় ইরাকী যে "তাখরাজুল ইহইয়া" (৪/৩০৭) গ্রন্থে শুধুমাত্র দুর্বল বলেছেন, তা তার থেকে এক ধরনের ভুল বা শিথিলতা। কারণ জাল হাদীছ দুর্বল হাদীছগুলোরই একটি প্রকার।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71420>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন